# Durga Puja 2023: মালা গাঁথা থেকে ঢাকে কাঠি! বর্নমাউথ যেন একটুকরো বাংলা

Durga Puja in UK: বিদেশের মাটিতে পুজো হলেও, নিয়ম-কাজে একেবারে বাংলার ছোঁয়া। পঞ্জিকা মেনে, তিথি মেনে দেবী দুর্গা পূজিতা হন এখানে।

By : অভিরূপ দত্ত | Edited By: avirupd | Updated at : 18 Oct 2023 04:46 PM (IST)




নিজস্ব চিত্র

**কলকাতা:** বিলেতের মাটিতে বাংলার দুর্গা (Durga Puja 2023)। প্রতিবারের মতোই এবারও জমাটি আয়োজন ইউনাইটেড কিংডমের (UK) বর্নমাউথে (Bournemouth)। প্রবাসী বাঙালির হাতে তৈরি এই পুজোর এবার অষ্টম বর্ষ। ২০১৬ সালে Dorset India Association-এর হাত ধরে শুরু হয়েছিল এই পুজো। ২০২৩ -এ এসে আরও জাঁকজমক বেড়েছে পুজোর, বেড়েছে সদস্য সংখ্যাও। মণ্ডপ থেকে প্রতিমা-ভোগ থেকে সাংস্কৃতিক অনুষ্ঠান। পুজোর কদিন বর্নমাউথের দেবী আবাহন যে তুলে ধরবে একটুকরো বাংলাকে।

বিদেশের (Durga Puja in UK) মাটিতে পুজো হলেও, নিয়ম-কাজে একেবারে বাংলার ছোঁয়া। পঞ্জিকা মেনে, তিথি মেনে দেবী দুর্গা পূজিতা হন এখানে। ষষ্ঠী থেকে দশমী পর্যন্ত নির্ঘণ্ট মেনে পুজো চলে। প্রতিদিনই থাকছে ভোগের ব্যবস্থা। আরতি দেখতে, অঞ্জলি দিতে ভিড় করেন প্রবাসী বাঙালিরা। শুধু দুর্গাপুজোই নয়, সরস্বতী পুজো থেকে নববর্ষ-সবকিছুই উদযাপন করে এই সংগঠনটি।

২০১৭ সালে কুমোরটুলি থেকে সাবেকি প্রতিমা আনা হয়েছিল এখানে। এবারও পুজো হবে সেই প্রতিমাতেই। বর্নমাউথের পুজোর প্রতিমার দৈর্ঘ্য ৬ ফুটের। আর চালা-সহ মাপলে ছাড়িয়ে যাবে ৮ ফুট।

**হাতে হাতে জোগাড়:**

ডরসেট ইন্ডিয়া অ্যাসোসিয়েশনের (Dorset India Association) পুজোর সঙ্গে অদ্ভুত মিল পাওয়া যায় বাংলার কোনও পাড়ার ক্লাবের পুজোর। এখানে অ্যাসোসিয়েশনের সদস্যরা সবটাই নিজে হাতে আয়োজন করেন। পুজো কমিটি অন্যতম সদস্য রোহন সেন জানাচ্ছেন, পাঁচ দিন ধরে রান্না, ভোগ তৈরি, আরও নানা জোগাড়- সবটাই তাঁরাই নিজেরা ভাগ করে সেরে ফেলেন। পুজোর জোগাড়ের একটা বড় অংশের দায়িত্বে থাকেন মহিলা সদস্যরা। তাঁরা নিজে হাতে মালা গাঁথেন, পুজোর যাবতীয় জোগাড় করে থাকেন। এবারও অন্যথা হচ্ছে না। এই পুজোর পুরোহিতও কিন্তু প্রবাসী বাঙালি। লন্ডন (London) থেকে আসেন তিনি।

**বর্নমাউথে ঢাকের আওয়াজ!**

দুর্গাপুজোয় ঢাক থাকবে না তা আবার হয় নাকি। কিন্তু এখানে রেকর্ড করা ঢাক বাজে না। পুজো কমিটির নিজস্ব ঢাক আর কাঁসর আছে। ঢাকি ভূমিকায় দেখা যায় আয়োজকদেরই। পালা করে ঢাক বাজান তাঁরা।

রয়েছে গান-নাচ-কবিতা নিয়ে জমজমাটি সাংস্কৃতিক অনুষ্ঠানের আয়োজনও। বিজয়া সম্মিলনীতে থাকবেন একাধিক শিল্পী। সেদিনই রয়েছে বিপুল ভোজের আয়োজনও।

মাঝে মোটে একটা দিন, ষষ্ঠীর বোধনের অপেক্ষায় বিশ্বের সব জায়গায় বাঙালি- তালিকায় রয়েছে বর্নমাউথও।

আরও পড়ুন: বার্লিনে পঞ্জিকা মেনে দেবীর আবাহন, সঙ্গে ফুড ফেস্টিভ্যালও

PUBLISHED AT : 18 OCT 2023 04:44 PM (IST)

**Tags :** **Durga Puja 2023**